

## ■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. ২৪. ৯. চোখ উপড়ে ফেলা ও হাত কেটে ফেলা

আমরা দেখেছি, যীশু বলেছেন, "তোমার ডান চোখ যদি তোমাকে গুনাহের পথে টানে তবে তা উপেড় দূরে ফেলে দাও ... যদি তোমার ডান হাত তোমাকে গুনাহের পথে টানে তবে তা কেটে ফেলে দাও ...।" (মথি ৫/২৯-৩০, মো.-০৬)

প্রত্যেক মানুষের চোখ, হাত, পা বা মন বিভিন্ন সময়ে পাপের দিকে টানে। পাপ থেকে বাঁচার কি এটাই স্বাভাবিক ও বিবেকসম্মত শিক্ষা? গ্যারি ডেভানি লেখেছেন:

"Wow! Jesus promoted insane and painful violence! Mom? Are you sure you want your child to do everything Jesus said? You won't mind if your teenage son tears one of his eyes out because he felt "lust in his heart" for a pretty young girl - would you?" "বাহ! যীশু উন্মন্ত ও বেদনাদায়ক সহিংসতা প্রবর্তন করেছেন! ভদ্র মহিলা, আপনি কি নিশ্চিত যে আপনি চান যীশু যা বলেছেন সবই আপনার শিশু পালন করুক? আপনার কিশোর পুত্র যদি কোনো সুন্দরী তরুনীর প্রতি 'হৃদয়ে কামভাব' বোধ করার কারণে নিজের একটা চোখ উপড়ে ফেলে দেয় তবে আপনি কিছু মনে করবেন না, তাই না?"[1]

## ফুটনোট

[1] Gary DeVaney, JESUS: http://www.thegodmurders.com/id134.html

**𝚱** Source — https://www.hadithbd.com/books/link/?id=14382

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন